

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার  
(আইসিটি শাখা)

[www.coxsbazar.gov.bd](http://www.coxsbazar.gov.bd)



শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার  
কার্যবিবরণী :


সভাপতি	:	মোঃ মামুনুর রশীদ জেলা প্রশাসক, কক্সবাজার
সভার তারিখ	:	২৭.০৪.২০২২
সভার সময়	:	সকাল ১১.০০টা
সভার স্থান	:	শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, কক্সবাজার
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকারি কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আলোকপাত করেন এবং কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের মাধ্যমে প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সবাই বেশি উৎসাহিত মর্মে আশা ব্যক্ত করেন। অতঃপর তিনি কার্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩	২০২২-২৩ অর্থবছরে এ কার্যালয়ের জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কে অনুরোধ করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন সভায় পাঠ করে শুনান এবং খসড়া কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন।	২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুমোদন দেয়া হয় এবং তা বিভাগীয় কমিশনার কার্যালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার
০২	২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন	সভাপতি ২০২১-২২ অর্থ বছরে এ কার্যালয়ের জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অসমাপ্ত অংশটুকু বাস্তবায়নের জন্য সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।	সংশ্লিষ্ট সকল

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৩	২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার	২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-কর্মপরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নীতিমালায় কর্মকর্তা-কর্মচারীদের মূল্যায়ণ ছক রয়েছে। ছক অনুযায়ী এ কার্যালয়ের এবং অধঃস্থন কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মূল্যায়ন করে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।	২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নীতিমালা অনুযায়ী এ কার্যালয়ের এবং অধঃস্থন কার্যালয় সমূহ হতে ছক মোতাবেক কর্মকর্তা-কর্মচারীদের মূল্যায়ণপূর্বক প্রস্তাব প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-পরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (সকল) উপজেলা নির্বাহী অফিসার, (সকল) সহকারী কমিশনার (ভূমি), সকল সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল শাখা)

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।



মোঃ মাম্মুন্নুর রশীদ

জেলা প্রশাসক

কক্সবাজার

ফোন নং ২৩৩৪৪৬৬২২০০

ফ্যাক্স-০২৩৩৪৪৬৬২২০৬


ই-মেইল- [dccoxsbazar@mopa.gov.bd](mailto:dccoxsbazar@mopa.gov.bd)

স্মারক নং-০৫.২০.২২০০.১১৫.১২.০১৯.২২. ৩০৭

তারিখ : ১৪ বৈশাখ ১৪২৯  
২৭ এপ্রিল ২০২২

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
- ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), কক্সবাজার/  
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল) -----
- ০৭। সহকারী কমিশনার (ভূমি), (সকল) -----
- ০৮। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, ----- সকল শাখা



জেলা প্রশাসক  
কক্সবাজার